ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৯৭

আগরতলা,৭ এপ্রিল,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘‘স্বার্থান্বেষী আমলার বদান্যতায় স্বাস্থ্য দপ্তরের নাজেহাল অবস্থা’’ এই শিরোনামে গত ৫ এপ্রিল, ২০২৫ স্যন্দন পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে জানানো যাচ্ছে যে, ১৮ জন মেডিকেল অফিসার (আয়ুর্বেদ) এবং ১৮ জন মেডিকেল অফিসার (হোমিওপ্যাথ)কে রাজ্য আয়ুষ মিশন ত্রিপুরার অধীনে পরিষেবা প্রদানের জন্য হিউম্যান রিসোর্স ফর সার্ভিস ডেলিভারি কম্পোনেন্ট-এর অধীনে প্রাথমিকভাবে ১১ মাসের চুক্তির ভিত্তিতে ৭ মার্চ, ২০২৫ জারি করা আদেশ অনুসারে নিয়োগ করা হয়েছিল। এই সমস্ত মেডিকেল অফিসারদের বিভিন্ন আয়ুষ সুবিধাযুক্ত রাজ্য সরকারি হাসপাতাল এবং ইন্টিগ্রেটেড আয়ুষ হাসপাতালগুলিতে নিযুক্ত করা হয়েছিল।

উল্লেখ্য, ৭২টি আয়ুষ্মান আরোগ্য মন্দির (আয়ুষ) কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রক, ভারত সরকার কর্তৃক রাজ্যের জন্য অনুমোদিত হয়েছে। ৭২টি আয়ুষ্মান আরোগ্য মন্দির (আয়ুষ) পরিচালনার জন্য এখন পর্যন্ত রাজ্য আয়ুষ মিশন, ত্রিপুরা ৩৮ জন ডেডিকেটেট আয়ুষ সি.এইচ.ও. নিয়োগ করেছে এবং বর্তমানে ৩৪ জন কাজ করছেন। ৭২টি আয়ুষ্মান আরোগ্য মন্দিরকে চালু রাখার সাপেক্ষে জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরা এবং জাতীয় আয়ুষ মিশন থেকে মেডিকেল অফিসারদের (আয়ুষ) সপ্তাহে ৩ দিনের জন্য ডেপুটেশন দেওয়া হয়েছিল।

ইতিমধ্যে, ভারত সরকারের আয়ুষ মন্ত্রকের সচিবের সভাপতিত্বে ৬ জুন, ২০২৪ তারিখে স্টেট অ্যানুয়েল অ্যাকশন প্ল্যাল ২০২৪ অনুমোদনের জন্য ন্যাশনাল আয়ুষ মিশন (এনএএম)-এর মিশন ডিরেক্টরেটের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, ন্যাশনাল আয়ুষ মিশন (এনএএম)-এর অধীনে ৩৬ জন মেডিকেল অফিসারের পদগুলিকে কো-লোকেটেট সুবিধাগুলিতে নিযুক্ত করার অনুমতি মন্ত্রণালয় দেবে না। কো-লোকেটেড আয়ুষ সুবিধাগুলিতে নিযুক্ত মেডিকেল অফিসারদের ন্যাশনাল আয়ুষ মিশন (এনএএম)-এর অধিনে পরিচালিত করা হবে। পরবর্তীতে, মন্ত্রণালয় যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং এই বিষয়ে বিস্তারিত প্রতিবেদন পেশ করার নির্দেশ দিয়েছে।

এখানে আরও উল্লেখ করা যেতে পারে যে, স্ট্যান্ড এলোন আয়ুর্বেদিক ও হোমিওপ্যাথিক ডিসপেনসারি এবং আয়ুষ্মান আরোগ্য মন্দির (আয়ুষ) পৃথক সত্তা এবং ন্যাশনাল আয়ুষ মিশন (এনএএম)-এর কার্যনির্বাহী নির্দেশিকা অনুসারে বলা হয়েছে যে 'আয়ুষ ওষুধের চিকিৎসার সিদ্ধান্ত এবং প্রেসক্রিপশন নির্দিষ্ট ধারার চিকিৎসকের যোগ্যতা অনুসারে হবে।

২-এর পাতায়

উপরোক্ত ঘটনার পরিপ্রেক্ষিতে, সম্পূর্ণ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য এবং ভারত সরকারের আয়ুষ মন্ত্রণালয়ে তথ্য প্রেরণের জন্য, ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত প্রস্তাব গ্রহণ করা হয়েছেঃ-

আয়ুষ্মান আরোগ্য মন্দিরে নিযুক্ত মেডিকেল অফিসার (আয়ুষ)-এই পদটিকে মেডিকেল অফিসার (আয়ুষ)-কাম আয়ুষ- সি.এইচ.ও. হিসাবে পুনরায় ঘোষণা করার জন্য। তাই নির্দেশিকা অনুসারে ন্যাশনাল আয়ুষ মিশন (এন.এ.এম.)-এর অধীনে মেডিকেল অফিসার (আয়ুষ) হিসেবে, আয়ুষ্মান আরোগ্য মন্দির (আয়ুষ)-এ নিযুক্ত থাকলে বা নিযুক্ত হলে পদের কোনও আর্থিক অনুদান ছাড়াই মেডিকেল অফিসার (আয়ুষ) কাম আয়ুষ কমিউনিটি হেলথ অফিসার হিসাবে পুনঃনামকরণ করা যেতে পারে। অধিকন্তু, যদি কোনও মেডিকেল অফিসার (আয়ুষ) আয়ুষ্মান আরোগ্য মন্দির (আয়ুষ) ব্যতীত অন্য কোনও স্বাস্থ্য প্রতিষ্ঠানে নিযুক্ত / বদলিকৃত হন, তবে তখন তাকে কেবল মেডিকেল অফিসার (আয়ুষ) হিসাবে মনোনীত করা যেতে পারে।

সে অনুসারে, সরকারের অনুমোদন পাওয়ার পর, ১৩ ডিসেম্বর, ২০২৪ তারিখে স্বাক্ষরিত স্মারকলিপি জারি করা হয়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত রাজ্য আয়ুষ মিশন, ত্রিপুরা (SAMT)-এর ৩৬ জন মেডিক্যাল অফিসার (আয়ুষ কাম সি.এইচ.ও.) পদে আয়ুষ্মান আরোগ্য মন্দির (আয়ুষ)-এর স্থানান্তর করা যেতে পারে।

সেই অনুসারে, সরকারের অনুমোদন পাওয়ার পর ২ এপ্রিল, ২০২৫-এর আদেশনামা অনুযায়ী প্রয়োজনীয় আদেশ জারি করা হয়েছে। ফলে প্রকোশিত সংবাদ সঠিক নয়।

*****